অধ্যক্ষের কার্যালয়

চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

**বিজ্ঞপ্তি নং- ১৪৬, তারিখ : ২৫/০৯/২০২৩ খ্রি.**

ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের অনার্স-২য় বর্ষ নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণের তারিখ, ফিসের হিসাব ও অন্যান্য নিয়মাবলী নিম্নে দেয়া হলো। এ পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম **Online** এর মাধ্যমে সম্পন্ন করা হবে। ফরম পূরণের সকল ক্ষেত্রে অবশ্যই স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

ফরম পূরণের তারিখ ও ফিসের হিসাব নিম্নরূপ (সেশন ফি ছাড়া)

| বিষয় | ফরম পূরণ ফি: নিয়মিত (৩য় বর্ষ প্রাক-নির্বাচনী, নির্বাচনী ও ইনকোর্স ফিসহ) | | গ্রেড উন্নয়ন | ফরম পূরণ, ফি প্রদান ও সংশ্লিষ্ট বিভাগে ফরম জমাদানের তারিখঃ |
|---|---|---|---|---|
| বাংলা, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, দর্শন, অর্থনীতি, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ফরম পূরণ ফি (অনার্স-৩য় বর্ষ প্রাক-নির্বাচনী, নির্বাচনী ও ইনকোর্স ফি) | সেশন ফি (যারা সেশন ফি পরিশোধ করেনি) | ০১ পত্র = ১০৫০/-<br>০২ পত্র = ১৩০০/-<br>০৩ পত্র = ১৫৫০/-<br>০৪ পত্র = ১৮০০/-<br>০৫ পত্র = ২০৫০/- | অনলাইনে ফরমপূরণের তারিখ:<br>২৫/০৯/২০২৩ তারিখ হতে ০৩/১০/২০২৩ তারিখ<br>মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি প্রদানের তারিখ:<br>০৩/১০/২০২৩ তারিখ হতে ০৯/১০/২০২৩ তারিখ<br>সংশ্লিষ্ট বিভাগে ফরম জমাদানের তারিখ :<br>০৯/১০/২০২৩ তারিখ হতে ১২/১০/২০২৩ তারিখ |
| | ৩৩৫০ | ২০৫৫ | | |
| ইংরেজি | ৩১০০ | ২০৫৫ | | |
| পদার্থবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, গণিত | ৪১০০ | ২১৭৫ | | |
| রসায়নবিদ্যা | ৪৩০০ | ২১৭৫ | | |
| ভূগোল ও পরিবেশ | ৩৭৫০ | ২১৭৫ | | |

♦ যারা ইতোমধ্যে সেশন ফি পরিশোধ করেনি, তারা সেশনফি পরিশোধ ব্যতীত ফরমপূরণের ফি পরিশোধ করতে পারবে না।

♦ অনিয়মিত সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের ক্ষেত্রে নির্ধারিত ফি-এর সঙ্গে আরো ৩০০/- (তিনশত) টাকা অতিরিক্ত পেমেন্ট করতে হবে।

বি.দ্রঃ ১ম বর্ষ থেকে ২য় বর্ষে **Conditional Promoted** প্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে ফরমপূরণের ফি-এর সঙ্গে বিশেষ অন্তর্ভুক্তি ফি- ১০০০/- (এক হাজার) টাকা অতিরিক্ত পেমেন্ট করতে হবে। তাছাড়াও ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের মধ্যে যারা এক বা একাধিক কোর্সে "F" গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) হয়েছে তাদের ফরমপূরণ ফি ৫৫০০/- টাকা।

১। পরীক্ষার ফরম পূরণের নিয়মাবলী : ২০২২ সালের অনার্স-২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অন-লাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে। পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.nubd.info/formfillup** এ প্রবেশ করে যথাযথভাবে রেজিস্ট্রেশন নম্বর ও সঠিক বিষয় কোড এন্ট্রি করে আবেদন ফরম ডাউন লোড করে প্রিন্ট নিতে হবে। বিষয় কোডে গড়মিলের কারণে পরীক্ষা সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

২। পরীক্ষার ফরম পূরণের ফি জমাদানের নিয়মাবলীঃ নিয়মিত ও অনিয়মিত সকল পত্রের পরীক্ষার্থীগণ বিকাশ/নগদ/উপায় অ্যাপস্-এ প্রবেশ করে এডুকেশন ফি / পে-বিল অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর **Student ID** এর স্থলে পরীক্ষার্থী নিজের রেজিস্ট্রেশন নম্বর লিখে **Month-October-23 Select** করে পরীক্ষার ফিসের মোট টাকা সার্ভিস চার্জসহ (স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে আগামী ০৩/১০/২০২৩ তারিখ হতে ০৯/১০/২০২৩ তারিখের মধ্যে **Payment** সম্পন্ন করতে হবে। মানোন্নয়ন পরীক্ষার্থীদের ফরমপূরণের ক্ষেত্রেঃ ফরম পূরণ করার জন্য কলেজ ওয়েব সাইট **www.chandpurcollege.edu.bd** প্রবেশ করে **Improvement Form Fill-up**–এ ক্লিক করে **User ID- cgcstudent** এবং **Password- cgcstudent** দিয়ে লগইন করে **Improvement Form Fill-up**–এ ক্লিক করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে **View Charge and Course Detail** –এ ক্লিক করে যে বিষয়ে পরীক্ষা দিতে ইচ্ছুক সেই বিষয় গুলো সিলেক্ট করে সাবমিট করে প্রিন্ট অপশনে ক্লিক করলেই টাকা পেমেন্ট করা যাবে।

৩। সংশ্লিষ্ট বিভাগে পরীক্ষার ফরম জমা দেওয়ার নিয়মাবলীঃ **Payment** সম্পন্ন করার পর পরীক্ষার আবেদন ফরমের সঙ্গে **Payment** কপি, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও প্রযোজ্য ক্ষেত্রে অনার্স ২য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্র ও ফলাফল শীটের ফটোকপি সংযুক্ত করে সংশ্লিষ্ট বিভাগে ০৯/১০/২০২৩ তারিখ হতে ১২/১০/২০২৩ তারিখের মধ্যে জমা দেওয়ার মাধ্যমে ফরমপূরণের কাজ সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট বিভাগে পরীক্ষার আবেদন ফরম জমা না দিলে ফরমপূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে। উল্লেখ্য যে, পরীক্ষার আবেদন ফরমের **Student's** কপি ভবিষ্যৎ প্রয়োজনে পরীক্ষার্থীকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।

৪। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ (ক) নিয়মিত পরীক্ষার্থীদের জন্যঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২০-২০২১ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের শিক্ষার্থী যারা ২০২১ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে **Promoted** হয়েছে তারা ২০২২ সালের অনার্স-২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

(খ) অনিয়মিত পরীক্ষার্থীদের জন্যঃ ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স-২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে **Not Promoted** হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। **Not Promoted** শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবেনা। তবে যারা ২০২১ সালের অনার্স-২য় বর্ষে ১ম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে "C" বা "D" গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই ২০২২ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেওয়ার সুযোগ পাবে সর্বোচ্চ ২টি কোর্সে এবং "F" গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

(গ) গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্যঃ ২০২১ সালের অনার্স- ২য় বর্ষে যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ১ম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র "C" বা "D" গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে সর্বোচ্চ ২টি কোর্সে।

◈ যে সকল শিক্ষার্থী ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে অনার্স-২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে "F" গ্রেড রয়েছে তারা ২০২২ সালের পরীক্ষায় "F" গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে। সকল "F" গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম "D" গ্রেডে উন্নীত করতে হবে।"F" গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।

◈ ২০২১ সালের অনার্স-২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে **C Promoted** প্রাপ্ত শিক্ষার্থীদের অনুপস্থিত ০১টি কোর্সে ২০২২ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

◈২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলীঃ ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে "F" গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা শুধুমাত্র ২০২২ সালের অনার্স-২য় বর্ষ পরীক্ষায় ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোনো প্রয়োজন হবে না এবং কোনো শিক্ষার্থী ফরমপূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোনো অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

◈ ব্যবহারিক ও ইনকোর্স পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নেই।

৫। সিলেবাস : ২০২২ সালের অনার্স-২য় বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর নতুন সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৬। ফলাফল : এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

অনুলিপি :

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

২। বিভাগীয় প্রধান,সকল বিভাগ, চাঁ.স.ক। (সুষ্ঠুভাবে ফরমপূরণের সুবিধার্থে প্রতিদিনে জমাকৃত পরীক্ষার আবেদন ফরম ঐ দিনেই নিষ্পন্নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৩। কলেজ ওয়েবসাইটঃ **www.chandpurcollege.edu.bd**

৪। অফিস নথি।

২৫।০৯।২০২৩

অধ্যক্ষ

চাঁদপুর সরকারি কলেজ

চাঁদপুর।

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

Hon`s Part- 2